# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

২০৬. নামাযরত অবস্থায় নামাযীদের মাঝে খালি জায়গা রাখা

আব্দুল্লাহ্ বিন্ আব্বাস্ (রাযিয়াল্লাহু আনহুমা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

إِيَّايَ وَالْفُرَجَ ، يَعْنِيْ فِيْ الصَّلَاةِ

“নামাযরত অবস্থায় নামাযীদের মাঝে খালি জায়গা রাখা থেকে আমাকে দূরে রাখো তথা আমাকে যেন তা আর কখনো দেখতে না হয়”।[1]

কাতারের খালি স্থান পূরণ করে একে অপরের সাথে মিলে মিলে দাঁড়ালে আল্লাহ্ তা’আলার রহমত ও ফিরিশ্তাগণের মাগফিরাতের দো’আ পাওয়া যায়।

’আয়িশা (রাযিয়াল্লাহু আনহা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

إِنَّ اللهَ وَمَلَائِكَتَهُ يُصَلُّوْنَ عَلَى الَّذِيْنَ يَصِلُوْنَ الصُّفُوْفَ

“নিশ্চয়ই আল্লাহ্ তা’আলা রহমত বর্ষণ করেন এবং তদীয় ফিরিশ্তাগণ মাগফিরাত কামনা করেন ওদের জন্য যারা নামাযে কাতারবদ্ধ হয়ে একে অপরের সাথে মিলে মিলে দাঁড়ায়”।[2]

## ফুটনোট

[1] (আস্-সিল্সিলাতুস্-স্বা’হী’হাহ্, হাদীস ১৭৫৭)

[2] (ইবনু ওয়াহাব/জামি’ ২/৫৮)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11456

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন